

# ৪ বিশ্ববিদ্যালয়ে নতুন উপ-উপাচার্য নিয়োগ

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১০ জুন, ২০২৬ ১২:০০



সংগৃহীত ছবি

দেশের চারটি সরকারি ও স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ে নতুন উপ-উপাচার্য (প্রো-ভাইস চ্যান্সেলর) নিয়োগ দিয়েছে সরকার। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে মহামান্য রাষ্ট্রপতি ও

চ্যাম্বেলরের অনুমোদনক্রমে এসংক্রান্ত পৃথক প্রজ্ঞাপন  
জারি করা হয়।

বিশ্ববিদ্যালয়গুলো হলো—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, জাতীয়  
বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
এবং ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়। একই সঙ্গে চট্টগ্রাম  
বিশ্ববিদ্যালয় ও নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপ-উপাচার্যদের পদ থেকে  
অব্যাহতি দিয়ে মূল পদে ফেরার অনুমতি দেওয়া হয়েছে।

প্রজ্ঞাপন অনুযায়ী, নতুন নিয়োগপ্রাপ্ত উপ-উপাচার্যদের  
মেয়াদকাল হবে যোগদানের তারিখ থেকে পরবর্তী ৪  
বছর।

প্রজ্ঞাপনের তথ্য মতে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি)  
উপ-উপাচার্য (প্রশাসন) পদে নিয়োগ পেয়েছেন  
বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো.  
সফিকুল ইসলাম।

বর্তমানে তিনি কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করছেন। এ ছাড়া চবির উপ-উপাচার্য (একাডেমিক) পদে নিয়োগ দেওয়া হয়েছে বিশ্ববিদ্যালয়ের বনবিদ্যা ও পরিবেশবিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক ড. মোহাম্মদ আল আমীনকে।

এর আগে চবির উপ-উপাচার্য (প্রশাসন) ড. কামাল উদ্দিন এবং উপ-উপাচার্য (একাডেমিক) ড. মোহাম্মদ শামীম উদ্দিন খানকে পদ থেকে অব্যাহতি নিয়ে নিজ বিভাগে যোগদানের অনুমতি দেয় সরকার।

এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য পদে নিয়োগ পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের (আইইআর) অধ্যাপক ড. মোহাম্মদ আলী জিন্নাহ।

এ ছাড়া ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) পদে নিয়োগ দেওয়া হয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইলিয়াস ছিদ্দিকীকে।

এদিকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার প্রজ্ঞাপনে জানানো হয়েছে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) নতুন উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন ওই বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের অধ্যাপক ও জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম। এর আগে নোবিপ্রবির উপ-উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. প্র. মোহাম্মদ রেজুয়ানুল হককে পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

মন্ত্রণালয়ের আদেশে বলা হয়েছে, নতুন উপ-উপাচার্যরা তাদের বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতাদি ও বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা পাবেন এবং তাদের সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করতে হবে। তবে জনস্বার্থে জারি করা এই আদেশ রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যেকোনো সময় বাতিল করার ক্ষমতা রাখেন বলেও জানানো হয়েছে।

